

## **া** লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৮২. এ আয়াতগুলো নিয়ে একটু ভাবুন

"আর যে ব্যক্তি আল্লাহকে ভয় করে, আল্লাহ তার নিষ্কৃতির পথ করে দিবেন। আর তাকে এমনভাবে বা এমন উৎস হতে রিযিক দান করবেন যে সে তার ধারণাও করতে পারবে না। আর যে ব্যক্তি আল্লাহর উপর ভরসা রাখে আল্লাহই তার জন্য যথেষ্ট।" (৬৫-সূরা আত তালাক: আয়াত-২০৩)

"আল্লাহ কষ্টের পর (অভাবের পর) আরাম (স্বচ্ছলতা) দিবেন।" (৬৫-সূরা আত তালাক্: আয়াত-৭)

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- "এবং যেনে রাখ যে, ধৈর্যের মাধ্যমে বিজয় আসে এবং সঙ্কটের পরেই স্বচ্ছলতা আসে আর কন্টের পরেই স্বস্তি আসে।"

অন্য হাদীসে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, আল্লাহ তায়ালা বলেছেন-

"বান্দা আমার প্রতি যেরূপ ধারণা করে আমি তার সাথে সেরূপ আচরণ করি; সুতরাং, তার যেমন মনে চায় আমার প্রতি তেমনই ধারণা করুক।"

"তাদের বিরুদ্ধে তোমার পক্ষে আল্লাহই যথেষ্ট হবে। তিনি সর্বশ্রোতা সর্বজ্ঞানী।" (২-সূরা বাকারা: আয়াত-১৩৭)

"এবং (এমন) চিরঞ্জীবের উপর নির্ভর কর যিনি কখনো মৃত্যুবরণ করবেন না।" (২৫-সূরা আল ফুরকান: আয়াত-৫৮)

"আশা করা যায় যে, আল্লাহ তার পক্ষ থেকে বিজয় অথবা কোনো সিদ্ধান্ত দিবেন।" (৫-সূরা মায়িদা: আয়াত-৫২)

لَيْسَ لَهَا مِن دُونِ اللَّهِ كَاشِفَةٌ

আল্লাহ ছাড়া এটাকে কেউ প্রতিহত, অপসারিত, ব্যাহত, স্থগিত, বিলম্বিত অথবা প্রকাশিত করতে পারবে না।" (৫৩-সূরা আন নাজম: আয়াত-৫৮)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7591

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন